তারিখ 12 NOV 2016
পৃষ্ঠা ৬ কলাম ২

সমকাল

# খোলা আকাশের নিচে পাঠদান

■ **ইকবাল হোসেন**, *মতলব (চাঁদপুর)*



মতলব উত্তরে ফরাজীকান্দি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষার্থীদের ক্লাস চলছে খোলা আকাশের নিচে ■» সমকাল

মতলব উত্তর উপজেলার ৯৭ নম্বর ফরাজীকান্দি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষার্থীদের খোলা আকাশের নিচে পাঠদান চলছে। ভবন ও কক্ষ সংকটের কারণে প্রতিদিনই অর্ধশতাধিক শিক্ষার্থীকে খোলা আকাশের নিচে ক্লাস করতে হচ্ছে। ১৯৫৯ সালে প্রতিষ্ঠিত এ বিদ্যালয়ে একটি মাত্র ভবন। তাও আবার জরাজীর্ণ। জীবনের ঝুঁকি নিয়ে ক্লাস করতে হচ্ছে শিক্ষার্থীদের। দেখা গেছে, পরিত্যক্ত ভবনটির দেয়ালে বড় আকারে ফাটল ধরেছে। যে কোনো সময় বড় ধরনের দুর্ঘটনা ঘটতে পারে। দুর্ঘটনার আতঙ্কে স্কুলের পেছনে খোলা আকাশের নিচে ক্লাস করানো হচ্ছে। বৃষ্টি এলে বেজে ওঠে ছুটির ঘণ্টা। রোদেও একই অবস্থা। প্রধান শিক্ষক আব্দুল বাতেন বলেন, বিদ্যালয়টির ভবন জরাজীর্ণ হওয়ায় ২০১২ সালের ১ আগস্ট পরিত্যক্ত ঘোষণা করা হয়। নতুন ভবনের জন্য একাধিকবার আবেদন করেও কর্তৃপক্ষের কোনো সাড়া পাচ্ছি না। উপায় না পেয়ে বাইরে খোলা আকাশের নিচে ক্লাস চালিয়ে যাচ্ছি। সামনে পরীক্ষা। ভবন ও ক্লাসরুম সংকটের কারণে ছাত্রছাত্রীদের পাঠদান ব্যাহত হচ্ছে। অভিভাবকরা জানান, ছেলেমেয়েদের স্কুলে পাঠিয়ে আতঙ্কে থাকতে হয় জরাজীর্ণ ও পরিত্যক্ত স্কুল ভবনের কারণে। খুব দ্রুত নতুন ভবন নির্মাণের দাবি তাদের।